জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতির নৈতিকতা কমিটির ২৭তম সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: সাইফুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর।

তারিখ : ৩১ মার্চ, ২০২২, বৃহস্পতিবার, বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : জীবন সভা কক্ষ, জীবন বীমা কর্পোরেশন।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

আলোচনা:

কমিটির সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করেন। এই প্রথম প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটিতে জেনারেল ম্যানেজার - সিআরও এবং জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত) - ডিআরও উপস্থিত ছিলেন। জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় কোয়ার্টারের (জানুয়ারি থেকে মার্চ, ২০২২) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩ (তিন) টি ক্ষেত্র যথা: প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতি নিয়ে অনুচ্ছেদভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো:-

| ক্র: নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন। | নৈতিকতা কমিটির ৩য় কোয়ার্টারের সভা ৩১-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ফোকাল পয়েন্ট |
| | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ এই কোয়ার্টারে পর্যালোচনা করা হয় ও ১০০% বাস্তবায়ন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়। | সংশ্লিষ্ট জিএম |
| | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | সভায় অবহিত করা হয় যে, ঢাকা, বরিশাল, খুলনা রিজিওনাল অফিস ও যশোর কর্পোরেট অফিসে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করা হয়েছে। সভায় বীমাগ্রাহক, অফিস স্টাফ এবং ব্যবসায় নিয়োজিত মাঠকর্মীদের মধ্যে ব্যবসার স্বার্থে সুসম্পর্কের উপর গুরত্ব প্রদান করা হয়। তাছাড়া, কর্পোরেশনে প্রিমিয়াম আয় বৃদ্ধি এবং দ্রুত বীমা দাবী পরিশোধের জন্যও অনুরোধ করা হয়। | রিজিওনাল অফিস ইনচার্জ |
| | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | সভায় অবহিত করা হয় যে, কর্পোরেশনের কর্মকর্তা, কর্মচারী ও এজেন্টদের ২০২১-২০২২ অর্থ বছরে শুদ্ধাচার সংক্রান্ত ৩য় কোয়ার্টারের জন্য ৪০ (চল্লিশ) | জিএম-প্রশাসন ও ম্যানেজার-প্রশিক্ষণ |

২য় পাতা দ্র:

| | | | |
|---|---|---|---|
| | | জনের অধিক প্রশিক্ষণার্থী নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এ বিষয়ে ডেপুটি জেনারেল ম্যানেজার - আইসিটি উল্লেখ করেন যে, কর্পোরেশনে একটি পুর্ণাঙ্গ ট্রেনিং সেন্টার স্থাপন করা প্রয়োজন। ইই বিভাগ যাচাই - বাছাই করে মতিঝিলস্থ কর্পোরেশনের নিজস্ব ভবনে এটির স্থান নির্ধারণ করতে পারে। ঢাকার বাইরে নিজস্ব ভবনে ছোট পরিসরে ট্রেনিং সেন্টার স্থাপন করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। আরো অবহিত করা হয় যে, ট্রেনিং সেন্টার স্থাপন করার জন্য যথাযথ আইসিটি সাপোর্ট হিসেবে প্রয়োজনীয় ডেস্কটপ মজুত রয়েছে। উক্ত প্রশিক্ষণ সেন্টার করার জন্য প্রশিক্ষণ বিভাগ থেকে একটি তিন সদস্যের কমিটি গঠন করতে হবে। | |
| | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন। | সভায় অবহিত করা হয় যে, কর্পোরেশনের স্ব স্ব কার্যালয়ের কর্ম পরিবেশ উন্নয়নের জন্য যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে । ডিজিএম - ইই বলেন যে, পুরাতন মালামাল বিক্রির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ডিজিএম-অর্থ ও হিসাব বলেন যে, প্রতিটি তলায় পুরাতন আসবাবপত্র লিপ্টের পাশে জড় করে রাখা হয়েছে । জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব বলেন যে, বাথরুমগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। সভায় জানানো হয় যে, তিন'টি তলায় ওয়ার্ক স্টেশন তৈরী করা হয়েছে। অন্যান্য ফ্লোরেও ওয়ার্ক স্টেশন তৈরী করা প্রয়োজন। সভায় সিদ্ধান্ত হয় যে, পুরাতন মালামাল বিক্রি করার জন্য সরকারী নীতিমালা অনুসরণ করে বিক্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থাপন বিভাগ ও ইই ডিভিশন |
| | ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ। | ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়। | ফোকাল পয়েন্ট |
| | ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | কর্পোরেশনের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ে রিজিওনাল অফিসে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। উক্ত রিজিওনাল অফিস কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করা হয়। | ফোকাল পয়েন্ট |
| | ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ। | নির্ধারিত তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করার জন্য কমিটি রয়েছে। কর্ম পরিকল্পনা অনুযায়ী জুন, ২০২২ এর মধ্যে পুরস্কার প্রদান করে | সংশ্লিষ্ট কমিটি |

৩য় পাতা দ্র:

| | | | |
|---|---|---|---|
| | | পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | |
| ০২ | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | |
| | ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ। | জীবন বীমা কর্পোরেশনে ক্যালেন্ডার বছরে বার্ষিক বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনা করা হয়। ২০২১ সালের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং ২০২২ সালের ক্রয়-পরিকল্পনা তৈরী করা হয়েছে। জীবন বীমা কর্পোরেশনের কোন প্রকল্প নাই। | অর্থ বিভাগ ও আইসিটি ডিভিশন |
| | ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন। | জীবন বীমা কর্পোরেশনের কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন। | জীবন বীমা কর্পোরেশনের কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| | ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা। | জীবন বীমা কর্পোরেশনের কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| ০৩ | **শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| | ৩.১ পেনশন বীমা পলিসির মাসিক পেনশন BEFTN এর মাধ্যমে প্রদান। | জীবন বীমা কর্পোরেশন থেকে মাসিক পেনশন বীমা পলিসির টাকা প্রতি মাসে BEFTN এর মাধ্যমে প্রদান করার নির্দেশনা ছিল। ঢাকা রিজিওনাল অফিস (ডিআরও) উক্ত নির্দেশনা বাস্তবায়ন করেছে। অন্যদিকে রাজশাহী রিজিওনাল অফিসেও বীমাগ্রাহকের মাসিক পেনশন ইএফটির মাধ্যমে প্রেরণ করা হচ্ছে । সভায় ঢাকা ও রাজশাহী রিজিওনাল অফিস এবং আইসিটি ডিভিশনকে এ কাজের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। চট্টগ্রাম রিজিওনাল অফিসকে উক্ত কাজ বাস্তবায়ন করার জন্যও অনুরোধ করা হয়। চট্টগ্রাম রিজিওনাল অফিসের জেনারেল ম্যানেজার পেনশন বীমা পলিসির টাকা প্রতি মাসে BEFTN এর মাধ্যমে প্রদান করার লক্ষ্যে সংশ্লিষ্ট কার্যালয়কে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। সিদ্ধান্ত হয় যে, আইসিটি ডিভিশন ও ঢাকা রিজিওনাল অফিস উক্ত কাজ বাস্তবায়নে সহযোগিতা করবে। অবিলম্বে চট্টগ্রাম রিজিওনাল অফিস মাসিক পেনশন বীমা পলিসির টাকা প্রতি মাসে BEFTN এর মাধ্যমে প্রদানের কার্যক্রম বাস্তবায়ন করবে। | আইসিটি ডিভিশন ও ঢাকা রিজিওনাল অফিস |
| | ৩.২ ওয়ান স্টপ সার্ভিস চালু। | কর্পোরেশনে প্রাথমিকভাবে ঢাকা রিজিওনাল অফিসে ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়েছে। ১২টি কর্পোরেট অফিস ওয়ান স্টপ সার্ভিস হিসেবে কাজ করছে, | রিজিওনাল অফিস ইনচার্জগণ |

৪র্থ পাতা দ্র:

| | | | |
|---|---|---|---|
| | | ডেপুটি জেনারেল ম্যানেজার - আইসিটি বলেন যে প্রাথমিকভাবে হেল্প ডেস্ক-এর মাধ্যমে ওয়ান স্টপ সার্ভিস চালু করা যেতে পারে। ওয়ান স্টপ সার্ভিস বাস্তবায়নের জন্য কি কি সেবা প্রদান করা হবে এবং কিভাবে বাস্তবায়ন করা হবে তার একটি ওয়ার্ক প্রসেস চার্ট ফ্লো তৈরী করবে। | |
| | ৩.৩ ব্যাংকিং চ্যানেলে প্রিমিয়াম আদায়। | জীবন বীমা কর্পোরেশনের বীমাগ্রাহকদের প্রিমিয়াম ব্যাংকিং চ্যানেলে আদায় করার জন্য ৩ (তিন)টি ব্যাংকের সাথে চুক্তি রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ৩য় কোয়ার্টারে ২,৫০৯টি বীমা পলিসিগ্রাহকের কাছ থেকে ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে টা: ২.৯৮ কোটি আদায় হয়েছে। নোটিশ ও ব্যানার তৈরী করে প্রিমিয়াম কালেকশন কাউন্টারে টানিয়ে দিয়ে ব্যাংকিং চ্যানেলে প্রিমিয়াম আদায় পরিমাণ আরো বৃদ্ধি করতে হবে। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |
| | ৩.৪ ডেবিট পুলের মাধ্যমে প্রিমিয়াম আদায়। | জীবন বীমা কর্পোরেশনের বীমাগ্রাহকদের প্রিমিয়াম ডেবিট পুলের মাধ্যমে আদায় করার জন্য ব্যাংকের সাথে আলোচনাক্রমে একটি ফর্ম তৈরী করা হয়েছে। উক্ত ফর্ম কয়েকটি সেলস অফিস এবং ঢাকা রিজিওনাল অফিসে সরবরাহ করা হয়েছে। ফর্মটি বীমাগ্রাহকের নিকট থেকে পূরণ করে সংগ্রহ করার মাধ্যমে প্রিমিয়াম আদায় কার্যক্রম এপ্রিল মাসেই শুরু করতে হবে। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |
| | ৩.৫ মেয়াদোত্তর বীমা দাবী BEFTN এর মাধ্যমে প্রদান। | মেয়াদোত্তর বীমা দাবী বীমাগ্রাহকের ব্যাংক হিসাবে BEFTN এর মাধ্যমে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ইনোভেশন টীম এ কাজে সহযোগিতা করতে পারে। এপ্রিল মাসের মধ্যেই BEFTN এর মাধ্যমে মেয়াদোত্তর বীমা দাবী পরিশোধের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৫/৪/২০২২

(মো: সাইফুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
জীবন বীমা কর্পোরেশন

বিতরণ:

১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৩। যুগ্মসচিব, বাণিজ্যিক অডিট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। নৈতিকতা কমিটির সকল সদস্য, জীবন বীমা কর্পোরেশন।